

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৫৯

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

### الفصل الأول

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ اللَّهَ لَا يَظْلِمُ مُؤْمِنًا حَسَنَةً يُعْطِي بِهَا فِي الدُّنْيَا وَيُجْزِي بِهَا فِي الْآخِرَةِ وَأَمَّا الْكَافِرُ فَيُطْعَمُ بِحَسَنَاتِ مَا عَمِلَ بِهَا لِلَّهِ فِي الدُّنْيَا حَتَّىٰ إِذَا أَفْضَى إِلَى الْآخِرَةِ لَمْ يَكُنْ لَّهُ حَسَنَةٌ يُجْزِي بِهَا». رَوَاهُ مُسْلِمٌ

- (7089 / 56)، (2808 / 56)

(صَحِيحٌ)

বাংলা

৫১৫৯-[৫] আনাস (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহ কোন মুমিনের ভালো কাজকে নষ্ট করেন না, দুনিয়াতেও তার বিনিময় প্রদান করেন এবং আখিরাতেও তার প্রতিদান দেন। আর কাফির আল্লাহর জন্য যেসব ভালো কাজ করে দুনিয়াতে তার বিনিময় ভোগ করে, অবশ্যে যখন সে আখিরাতে পৌছবে, তখন তার (আমালনামায়) কোন ভালো কাজ থাকবে না যার প্রতিদান সে পেতে পারে। (মুসলিম)

ফুটনোট

সহীহঃ মুসলিম ৫৬-(২৮০৮), সিলসিলাতুস সহীহাহ ৫২, মুসনাদে আহমাদ ১২২৫৯, সহীভুল জামি' ২৭৩৪, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ১১৭৮, আবু ইয়া'লা ২৮৪৪, শুআবুল ঈমান ২৭৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা (إِنَّ اللَّهَ لَا يَظْلِمُ مُؤْمِنًا حَسَنَةً): উক্ত হাদীসের সাথে 'উলামাগণ একমত পোষণ করেছেন যে, একজন

কাফির কুফরী নিয়ে মারা গেলে সে যে সমস্ত সৎ ‘আমল করেছিল তার বিনিময়ে আখিরাতে কোন প্রতিদান থাকবে না। বরং দুনিয়াতেই তাকে ঐ সমস্ত সৎ ‘আমলের প্রতিদান দেয়া হবে। পক্ষান্তরে একজন মু’মিন সৎ ‘আমল করলে দুনিয়াতে এর সুফল তো পাবেই, এমনকি আখিরাতে এর চাইতেও উত্তম প্রতিদান প্রস্তুত রাখা আছে। তাই এ কথার উপর বিশ্বাস স্থাপন করা সকলের জন্য অত্যাবশ্যক।

মূলত হাদীসটি আল্লাহ তা’আলার বাণী : “অবশ্যই আল্লাহ তা’আলা লোকেদের প্রতি যুলম করেন না ”-এর ব্যাখ্যা। অর্থাৎ আল্লাহ তা’আলা তার বান্দা মু’মিন হোক অথবা কাফির হোক সকলকেই তার ‘আমলের প্রতিদান দিয়ে থাকেন। তা কম হোক বা বেশি হোক, ভালো হোক বা মন্দ হোক। হয় তা দুনিয়াতে দেন, অথবা উভয় জগতে দিয়ে থাকেন। আল্লাহ তাঁর মু’মিন বান্দা সৎ আমলের প্রতিদান দুনিয়াতেও দেন; যেমন বিপদ দূর করা, রিয়ক প্রশস্ত করা, বা অনুরূপ অনেক নি’আমাত প্রদান করা। আবার পরকালেও এর পুরক্ষার দিয়ে থাকেন এটা মুমিন বান্দাদের প্রতি অনুগ্রহ, তাদের প্রতি তাঁর মর্যাদা। আর কাফিরগণ যে ভালো কাজ করে থাকে যেমন দরিদ্রকে খাবার দেয়া, ইয়াতীমের প্রতি দয়া করা ও মাযলুমকে সাহায্য করা অর্থাৎ যে সমস্ত আমল বিশুদ্ধ হওয়ার জন্য ঈমান আনা শর্ত নয় ঐ সমস্ত ‘আমলের প্রতিদান আল্লাহ তা’আলা তাদেরকে দুনিয়াতেই দিয়ে থাকেন। এটা তাদের প্রতি ইনসাফ। অতঃপর মৃত্যুবরণ করার পর তাদের এমন কোন সৎ আমল বাকী থাকে না যে কাজের বিনিময় তাদের দেয়া হবে, তাই তাদের পরকালে কোন প্রতিদান দেয়া হবে না। এটা তাদের প্রতি কোন যুলম নয় বরং এটাই ইনসাফ। মোটকথা মুমিনগণ আল্লাহর আনুগত্য করার কারণে আল্লাহ পরকালে তাদের প্রতি অনুগ্রহ করবেন। পক্ষান্তরে কাফিরগণ আল্লাহর আনুগত্য না করার কারণে, আল্লাহ তাদের প্রতি পরকালে কোন প্রকার অনুগ্রহ করবেন না।

(শারহুন নাবাবী ১৭শ খণ্ড, হা. ২৮০৮/৫৬; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁচিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85139>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন